



'সমানো মন্ত্র: সমিতি: সমানী'

**UNIVERSITY OF NORTH BENGAL**  
B.A. Honours 1st Semester Examination, 2022

**CC1-BENGALI**

**NEW SYLLABUS**

Time Allotted: 2 Hours

Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

**বিভাগ-ক**

- ১। নিম্নলিখিত যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও: ৩×৪ = ১২
- (ক) 'চর্যাচর্যবিনিশ্চয়'-পূর্ববর্তীকালের বাংলাদেশের তিনজন কবি ও তাঁদের কাব্যের নাম উল্লেখ করো।
- (খ) বাল্মীকি রামায়ণ কে প্রথম বাংলায় অনুবাদ করেন? এটি কবে, কোথা থেকে প্রথম প্রকাশিত হয়?
- (গ) মালাধর বসু অনুদিত ভাগবতের রচনাকাল, গ্রন্থনাম ও তাঁর প্রাপ্ত উপাধিটির উল্লেখ করো।
- (ঘ) চণ্ডীমঙ্গল কাব্যের আদি কবি এবং শ্রেষ্ঠ কবির নাম উল্লেখ করো। এই কাব্যধারার শ্রেষ্ঠ কাব্যের নাম লেখো।
- (ঙ) যে মহাজীবনকে কেন্দ্র করে বাংলা জীবনী সাহিত্যের সূত্রপাত তিনি কে ছিলেন? বাংলা ভাষায় প্রথম জীবনীকাব্যের রচয়িতা ও তাঁর রচিত গ্রন্থের নাম লেখো।
- (চ) সৈয়দ আলাওলের 'লোরচন্দ্রানী' ও 'সতীময়না' কাব্যগ্রন্থের উৎসপরিচিতি দাও।

**বিভাগ-খ**

- ২। নিম্নলিখিত যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও: ৬×৪ = ২৪
- (ক) 'চর্যাচর্যবিনিশ্চয়' গ্রন্থটি কে, কবে, কোথা থেকে আবিষ্কার করেন? প্রকাশকাল উল্লেখ করে গ্রন্থটির নামকরণ বিষয়ে যে বিতর্ক আছে তা উল্লেখ করো।
- (খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের আবিষ্কারক, আবিষ্কার স্থল ও প্রকাশকালের উল্লেখ করো। কাব্যটি কোন্ শ্রেণীর এ বিষয়ে তোমার মত ব্যক্ত করো।
- (গ) কবি বিদ্যাপতিকে বাংলা সাহিত্যে অন্তর্ভুক্ত করার যৌক্তিকতা বুঝিয়ে দাও।
- (ঘ) মনসামঙ্গল কাব্যের আদি কবি কে ছিলেন? চৈতন্যদেবের প্রেম ধর্মের প্রবর্তনায় এই কাব্যধারায় যে ধরনের পরিবর্তন সাধিত হয়েছিল, তার উল্লেখ করো।
- (ঙ) টীকা লেখো:  
'পরাগলী মহাভারত' অথবা 'চন্দ্রাবতীর রামায়ণ'
- (চ) নাথ সাহিত্যের প্রধান ধারা কয়টি? যে-কোনো একটি ধারার সংক্ষিপ্ত আলোচনা করো।

বিভাগ-গ

- ৩। নিম্নলিখিত প্রশ্নগুলির মধ্যে যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪
- (ক) বাংলা সাহিত্যের আদি ও মধ্যযুগে রাজ অনুগ্রহ প্রবল — আলোচনা করো।
- (খ) মহাভারতের শ্রেষ্ঠ অনুবাদক কে? এই কাব্যধারায় তাঁর রচনার বিশিষ্টতা বুঝিয়ে দাও।
- (গ) আরাকান রাজসভার ভৌগোলিক অবস্থান কোথায় ছিল? বাংলা সাহিত্যের প্রচলিত কাব্যধারা থেকে এই রাজসভায় রচিত কাব্যধারা স্বতন্ত্র ছিল — তোমার আলোচনায় এই স্বাতন্ত্র্য স্পষ্ট করো।
- (ঘ) শাক্ত পদকর্তা রূপে রামপ্রসাদ সেনের কবিপ্রতিভার মূল্যায়ন করো।

—x—